

ক্যাম্পশন নিউজ : বাউবি, গাজীপুর, ২৭ আগস্ট, ২০২১



শিক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় যৌথ উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ১৫ আগস্ট বঙ্গবন্ধু পরিবারের শহীদ সদস্যদের জীবনভিত্তিক ৫টি ধারাবাহিক আলোচনা অনুষ্ঠানের অংশ হিসেবে আজ ২৭ আগস্ট, ২০২১ শুক্রবার গাজীপুর ক্যাম্পাসে মিডিয়া সেন্টারে ‘বঙ্গমাতার জীবনাদর্শ, অনুপ্রেরণা ও আত্মত্যাগ’ শীর্ষক অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের শিক্ষা মন্ত্রী ডা: দীপু মনি এম.পি ও প্রখ্যাত কথা সাহিত্যিক সেলিনা হোসেন ভিডিও আলোচনায় অংশ নেন। পররাষ্ট্র মন্ত্রণালয়ের পরিচালক ও খ্যাতিমান উপস্থাপক আরিফা রহমান রুমা অনুষ্ঠানটি সঞ্চালনা করেন।

এর আগে শিক্ষা মন্ত্রীকে ক্যাম্পাসে স্বাগত জানান বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার। একই সময়ে গাজীপুর সিটি কর্পোরেশনের মেয়র অ্যাডভোকেট মোঃ জাহাঙ্গীর আলম শিক্ষা মন্ত্রীকে স্বাগত জানাতে বাউবি ক্যাম্পাসে উপস্থিত ছিলেন। এ সময় আরও উপস্থিত ছিলেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল ও রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলম।

শিক্ষা মন্ত্রী ডা: দীপু মনি ও প্রখ্যাত কথা সাহিত্যিক সেলিনা হোসেন বাউবি ক্যাম্পাসে শেখ রাসেল চতুরে ঔষধি বৃক্ষের চারা রোপণ করেন।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মিডিয়া সেন্টারের স্টুডিওতে ধারণকৃত অনুষ্ঠানগুলি সংসদ টিভি ছাড়াও, বাউবি ওয়েব টিভি, ওপেন টিভি ও সোশ্যাল নেটওয়ার্কিং এ প্রচার হচ্ছে।

*আবুল কাসেম শিখদার*

(মোঃ আবুল কাসেম শিখদার)

পরিচালক

তথ্য ও গণসংযোগ বিভাগ

বাউবি, গাজীপুর-১৭০৫।

বার্তা সম্পাদক